

103433 - আঁটসাঁট পোশাকে নামায পড়ার হ্রকুম

প্রশ্ন

আঁটসাঁট পোশাকে নামায পড়ার হ্রকুম কী? যে ব্যক্তি আঁটসাঁট পোশাক পরেন সে কি ইমামতি করতে পারেন?

প্রিয় উত্তর

“আঁটসাঁট পোশাক পরা নারী পুরুষ সবার জন্য মাকরুহ। শরয়ি পোশাক হলো এমন আঁটসাঁট না হওয়া যাতে করে লজ্জস্থানের অবয়ব ফুটে উঠে এবং অতিরিক্ত ঢিলেচালাও না হওয়া; বরং এ দুটোর মাঝামাঝি মধ্যম পর্যায়ের হওয়া।

তবে নামায সহিহ হবে; যদি পোশাকটি সতর আচ্ছাদনকারী হয়। কিন্তু কোন মুমিন নর ও নারীর জন্য এমন আঁটসাঁট পোশাক পরা মাকরুহ। পোশাক হবে আঁটসাঁট ও ঢিলেচালার মাঝামাঝি। এটাই হওয়া উচিত।”[সমাপ্ত]

মাজমুউ ফাতাওয়াশ শাইখ বিন বায (২৯/২১৭)]